1. 18-year-old Muslim youth dies in Bajrang Dal attack in Karnataka - http://lnnk.in/dJgp

---

ইদলিবে রাশিয়ার হৃদয়বিদারক হামলায় ৫ শিশুসহ নিহত ৭, আহত ১৪ মুসলিম

দখলদার রুশ বাহিনী সিরিয়ায় বেসামরিকদের বিরুদ্ধে ফের হৃদয়বিদারক গণহত্যা চালানো শুরু করেছে। গতকালের একটি হামলায় একই পরিবারের ৪ ভাইবোন সহ অন্তত ২১ জন হতাহত হয়েছে বলে জানা গেছে।

দখলদার রাশিয়া উত্তর সিরিয়ার এখনো বেসামরিক গণহত্যার নীতি অব্যাহত রেখেছে। সেই সূত্র ধরেই রুশ বাহিনী উত্তর সিরিয়ার ইদলিব সিটিতে গতকাল ২১ জুলাই সকালে বেসামরিক এলাকায় কয়েক দফায় বোমাবর্ষণ করেছে।

স্থানীয় সূত্রে জানা গেছে, জিসর আশ-শুগুরের কাছে ইয়াকুবিয়ে এবং সিডিডে গ্রামে হামলাগুলো চালানো হয়। যেখানে রুশ বিমানগুলো ৪ বার পৃথক বোমা হামলা চালিয়েছে। ফলশ্রুতিতে অনেক বেসামরিক বাড়ি-ঘর ধ্বংস হয়ে গেছে। যার ধ্বংসস্তূপের নিচে চাপা পড়ে নিহত এবং আহত হয়েছেন অনেক বেসামরিক লোক।

আঞ্চলিক সূত্র জানিয়েছে যে, রুশ হামলায় পর এখন পর্যন্ত ধ্বংসস্তুপের নিচ থেকে ৫ শিশু সহ অন্তত ৭ জন বেসামরিক লোকের মৃত দেহ উদ্ধার করা হয়েছে। নিহত ৫ শিশুর বয়স ১০ বছরের নিচে বলে জানা গেছে। সেই সাথে আরও ১৪ বেসামরিক ব্যক্তিকেও গুরুতর আহত অবস্থায় উদ্ধার করা হয়েছে।

সিরিয়া যুদ্ধ আজ ১২ তম বছর পার করছে। যেখানে সম্পূর্ণ দায়মুক্তি ছাড়াই বেসামরিক লোকদের হত্যা করে চলছে রাশিয়া, ইরান ও কুখ্যাত শিয়া নুসাইরি বাহিনী; একই কাজ করছে সন্ত্রাসী অ্যামেরিকা। একজন সম্মানিত আলেম তাই আক্ষেপ করে বলেছেন যে - পৃথিবী আজ শামকে ভুলে গেছে, কিন্তু তারা জানে না যে শাম পৃথিবীর মাথা, আর শাম ভাল থাকলেই পৃথিবী ভাল থাকবে, নতুবা নয়।

২১শে জুলাই, ২০২২

হিজাব পরায় মুসলিম ছাত্রীদের পরীক্ষার হলে প্রবেশে হিন্দুত্ববাদী পুলিশের বাধা

হিন্দুত্ববাদী ভারতের কথিত গণতন্ত্রের মুখোশধারীরা এখনো ব্যক্তি-স্বাধীনতার কথা বললেও, মুসলিমদের ক্ষেত্রে তারা প্রতিটি বিষয়ে হস্তক্ষেপ করে। ইসলামের অন্যান্য বিধানের মত হিজাবের ক্ষেত্রে তাদের বিদ্বেষ চোখে পরার মত। এবার মুসলিম মেয়েরা হিজাব পরার কারণে কোটা, ওয়াশিমের (NEET) এনইইটি পরীক্ষা কেন্দ্রে প্রবেশে বাধা দিয়েছে হিন্দুত্ববাদী পুলিশ।

গত ১৬ জুলাই রবিবার রাজস্থানের কোটা এবং মহারাষ্ট্রের ওয়াশিমে ন্যাশনাল এলিজিবিলিটি এন্ট্রান্স টেস্ট (এনইইটি) ২০২২ পরীক্ষায় অংশগ্রহণ করতে যাওয়া বেশ কয়েকজন মুসলিম ছাত্রী হিজাব পরার কারণে সমস্যার সম্মুখীন হয়েছেন। কোটায় মুসলিম ছাত্রীদের মোদি কলেজের প্রবেশপথে থামিয়ে তাদের হিজাব খুলে ফেলতে বলা হয়। এতে কেন্দ্রের বাইরে শিক্ষার্থীরা অবস্থান করে। পুলিশ সেখান থেকেও ধাওয়া করতে থাকে।

এক পর্যায়ে পর্যবেক্ষককে ডাকা হয় এবং শিক্ষার্থীদের একটি লিখিত আবেদনপত্রে স্বাক্ষর করার হয়রানির পর প্রবেশের অনুমতি দেওয়া হয়।

এদিকে, ওয়াশিমের বেশ কয়েকজন মুসলিম শিক্ষার্থীকে পরীক্ষা দেওয়ার আগে তাদের হিজাব খুলে ফেলতে বাধ্য করেছে হিন্দুত্ববাদী পুলিশ। ইরাম মোহাম্মদ জাকির এবং আরিবা সামান আজহার হুসেন সহ প্রায় ছয়জন শিক্ষার্থী প্রশাসনিক কর্মকর্তা এবং পরীক্ষা কেন্দ্রের কর্মকর্তাদের দুর্ব্যবহার এবং তাদের হিজাব খুলে ফেলতে বাধ্য করার কথা জানিয়েছেন। মাতোশ্রী শান্তাবাই গোটে কলেজ মহাবিদ্যালয়ের পরীক্ষার হল থেকে শিক্ষার্থীদের ডেকে নিয়ে জোর করে তাদের হিজাব খুলে ফেলা হয়।

এ ঘটনায় স্থানীয় মুসলিমরা ক্ষুব্ধ হয় এবং ক্যাম্পাসের বাইরে বিশাল জনতা জড়ো হয়। তাদের সরাতে কলেজের বাইরে বিশাল ফোর্স নিয়োগ করে হিন্দুত্ববাদী পুলিশ সুপার।

(NEET)এনইইটির ড্রেস কোড

ন্যাশনাল টেস্টিং এজেন্সির অফিসিয়াল নির্দেশিকা অনুসারে, প্রার্থীদের নৈমিত্তিক এবং আবহাওয়া-উপযুক্ত পোশাক পরতে পরামর্শ দেওয়া হয়। পেষাকের ব্যাপারে কোন বাধ্যবাধকতা নেই। তারা শুধু ইসলাম ও মুসলিম বিদ্বেষের কারণের হয়রানি করেছে। হিন্দুত্ববাদীদের এমন বিদ্বেষের কারণেই অনেক মুসলিম শিক্ষার্থী লেখাপড়া এবং পরীক্ষা দেওয়া থেকে বঞ্চিত হচ্ছেন।

এক্ষেত্রে কথিত সুশীলরা, মিডিয়া কিংবা নারীবাদীরা কোন কথা বলে না। তারা পড়ে আছে আফগান নারীদের নিয়ে যে, তারা স্বাধীনভাবে চলতে পারে না কিংবা পোষাক পরিধান করতে পারে না। কারণ তাদের উদ্দেশ্য

নারীদের কল্যাণকামিতা নয় বরং অমুসলিমদের মত মুসলিম নারীদেরও হায়া নষ্ট করে দেওয়া। উলামাগন তাই এসব অনাচারের বিরুদ্ধে মুসলিমদেরকে ঐক্যবদ্ধ আন্দলন গড়ে তুলতে বলেছেন।

তথ্যসূত্র:

----

1. Muslim girls face trouble at NEET examination centres in Kota, Washim for wearing hijabs

- https://tinyurl.com/mr3kt2yn

পবিত্র মক্কা ভূমিতে নির্বিঘ্নে ঘুরে বেড়াচ্ছে অভিশপ্ত ইহুদি!

মুসলিমদের প্রিয় নবী রাসূল সাল্লাল্লাহুআলাইহি ওয়াসাল্লামের জন্মস্থান ও পবিত্র ভূমি মক্কাতে নির্বিঘ্নে ঘুরে বেড়াচ্ছে অপবিত্র এবং মানবতার ও বিশেষ করে মুসলিমদের চরম শত্রু ইহুদীরা।

সম্প্রতি মক্কায় একজন ইহুদী সাংবাদিকের ভিডিও ভাইরাল হয়েছে, যেখানে দেখা গেছে সেই ইহুদি সাংবাদিক বলছে "দ্যা ড্রিম কেম ট্রু" অর্থাৎ "স্বপ্ন সত্যি হলো।" এমনকি সেই সাংবাদিকের মুসলিমদের হজ চলাকালীন আরাফার পাহাড়ে ঘোরার ক্লিপ্‌সও দেখা যায়।

সৌদি প্রিন্স মুহাম্মাদ বিন সালমানের পুরো সৌদি আরবকে ইউরোপীয় নোংরা সভ্যতার আলোকে গড়ে তোলার সময়ই ঘটল এমন ঘটনা। তাই স্বাভাবিকভাবেই ধর্মপ্রাণ মুসলিমদের মধ্যে এখন চলছে নিন্দার ঝড়।

এমনিতেও সৌদিতে বর্তমানে একের পর এক হকপন্থী আলেমদের গ্রেপ্তার, গুম, শারীরিক-মানসিক নির্যাতনে মেতে আছে পশ্চিমাদের দালাল সরকার। যেখানে খোদ দেশেরই আলেম-উলামাগণ মুক্তভাবে চলতে পারছেন না, সেখানে মুসলিমদের চরম শত্রু ইহুদীরা প্রকাশ্যে ঘুরে বেড়াচ্ছে। শুধু তাই নয়, বরং তারা তাদের ঘোরার ভিডিও করে সেটা সোশ্যাল মিডিয়াতে পোস্টও করছে।

তাই স্বাভাবিকভাবেই এখন প্রশ্ন আসছে, তাহলে কি পশ্চিমাদের দালাল সৌদি প্রিন্স কি এখন ইসরাইলের সাথে 'শান্তিপূর্ণ সহাবস্থানে' যাচ্ছে? যদি এমনই হয় তাহলে হয়তো সামনে মুসলিমদের তাদের পবিত্র মক্কা ও মদীনার ভূমিতে ইহুদিদেরকে দেখতে হবে।

মুসলিম বিশেষজ্ঞগণ বলছেন, এই ধরণের কর্মকান্ড দিয়ে আসলে ইসলামের শত্রুরা মুসলিমদের পরীক্ষা করে দেখছেন যে, এতে তারা কেমন প্রতিক্রিয়া দেখায়। তাই তাদের মতে এখন মুসলিমদের উচিত এর বিপরীতে শক্ত প্রতিক্রিয়া দেখানো। যাতে করে ইসলাম ও মানবতার চরম শত্রু ইহুদীরা দ্বিতীয়বার ভুলেও এই ধরণের কাজ করার দুঃসাহস না দেখায়।

সেই সাথে উলামাদের প্রতি বিশেষজ্ঞগণ সৌদির দালাল সরকার এবং তাদের চাটুকারদের ব্যাপারে নিজেদের অবস্থান পুনঃমূল্যায়ন করার আহ্বান জানান। কারণ এটা এখন স্পষ্ট যে, কোন ইহুদী সাংবাদিকের এভাবে মুসলিমদের পবিত্র ভূমিতে নির্বিঘ্নে ঘুরে বেড়ানো প্রশাসনের কারও হাত ছাড়া কখনওই সম্ভব না।

তথ্যসূত্র :

----

1. মক্কায় নির্বিঘ্নে ঘুরছেন ইহুদি সাংবাদিক! কীভাবে ঢুকলেন সেখানে? | Israel Journalist Mecca - https://tinyurl.com/6z9azvv4

২০শে জুলাই, ২০২২

ভারতের লুলু মলে নামাজ পড়ায় চার মুসলিম যুবককে আটক করলো হিন্দুত্ববাদী পুলিশ

ভারতের লখনউ হিন্দুত্ববাদী পুলিশ গতকাল ১৯-০৭-২২ মঙ্গলবার চারজন মুসলিম যুবককে গ্রেপ্তার করেছে। তাদের অপরাধ শুধু একটাই- তারা মুসলিম ব্যক্তির মালিকানাধীন নতুন খোলা লুলু মলে নামাজ পড়েছিল।

গ্রেফতারকৃতরা হলেন মোহাম্মদ রেহান, মোহাম্মদ আতিফ খান, মোহাম্মদ লোকমান ও মোহাম্মদ নোমান। লখনউ পুলিশ কমিশনারেট বলেছে, যে তারা মল থেকে নজরদারি ফুটেজ পরীক্ষা করে ৪ জন মুসলিমকে সনাক্ত করেছে।

১২ জুলাই হিন্দুত্ববাদী টুইটার হ্যান্ডলগুলি এবং আরএসএস মুখপাত্র সংগঠক সোশ্যাল মিডিয়ায় কিছু ব্যক্তির মলে নামাজ পড়ার একটি ভিডিও শেয়ার করেছে। পরে হিন্দুত্ববাদী গোষ্ঠীগুলি এ নিয়ে তীব্র মুসলিম বিদ্বেষ ছড়াতে থাকে।

হিন্দুত্ববাদী পুলিশ মুসলিমদের ব্যাপারে প্রোপাগান্ডা বন্ধ করার পরিবর্তে ১৪ জুলাই অজ্ঞাত মুসলিম ব্যক্তিদের বিরুদ্ধে ভারতীয় দণ্ডবিধির ধারা 153A(1) (গোষ্ঠীর মধ্যে শত্রুতা প্রচার করা), 295A (ধর্মীয় অনুভূতিকে ক্ষুব্ধ করার উদ্দেশ্যে কাজ), 341 (অন্যায়) এর অধীনে একটি প্রথম তথ্য প্রতিবেদন দাখিল করে।

হিন্দুত্ববাদী সংগঠন অখিল ভারতীয় হিন্দু মহাসভার সদস্যরা ১৪ জুলাই মলের গেটের বাইরে বিক্ষোভ করতে থাকে। তারা কর্তৃপক্ষের কাছে মলের কাছে হনুমান চালিসা পাঠ করার অনুমতি চেয়েছে। এবং সমস্ত হিন্দুদের ওই শপিং মল বয়কট করার ডাক দিয়েছে।

ভারত এখন মুসলিমদের জন্য এতোটাই সঙ্কুচিত হয়ে পরেছে যে, নিজ ধর্মীয় বিধান পালন করাও অন্যায়। হিন্দুত্ববাদীরা মুসলিমদের নামাজ, কোরবানি সহ মৌলিক বিধান পালন করতে বাধা দিচ্ছে। মুসলিমদের বিরুদ্ধে ঘৃণা উসকে দিয়ে মুসলিমদের গণহারে হত্যার চক বাস্তবায়ন করেছে।

এ অবস্থায় মুসলিমদের পূর্ব থেকেই সতর্কতা অবলম্বন করে নিজ পরিবার ও জাতিকে রক্ষায় নববী মানহাজের অনুসরণ করে নিজেদের প্রতিরক্ষা জোরদার করার আহ্বান জানিয়েছেন ইসলামি চিন্তাবীদ হক্কানী উলামায়ে কেরাম।

তথ্যসূত্র:

----

1. Namaz at UP Lulu Mall: Four Muslim men sent to jail - https://tinyurl.com/4ct8nar9

2. UP Police file FIR against Muslims who offered namaz at Lulu Mall– https://tinyurl.com/5xubktpu

3. https://tinyurl.com/2p9bbhmh

ইথিওপিয় বাহিনীকে হটিয়ে ২টি জেলা শহরের নিয়ন্ত্রণ নিয়েছে আশ-শাবাব

দখলদার ইথিওপিয়ান বাহিনীর ২টি সামরিক ঘাঁটিতে একযোগে হামলা চালিয়েছে ইসলামি প্রতিরোধ যোদ্ধারা। ফলে ঘাঁটি ছেড়ে পালিয়েছে দখলদার সৈন্যরা।

শাহাদাহ এজেন্সির বিবরণ অনুযায়ী, আজ ২০ জুলাই বুধবার বিকালে সোমালিয়ায় ২টি বড় ধরনের হামলা চালিয়েছে আল-কায়েদা সংশ্লিষ্ট ইসলামি প্রতিরোধ যোদ্ধারা। হামলা ২টি ইথিওপিয়ার সীমান্তবর্তী ২টি জেলা শহরে চালানো হয়েছে বলে জানা গেছে।

প্রতিরোধ বাহিনী হারাকাতুশ শাবাব আল-মুজাহিদিন শহরগুলোতে দখলদার ইথিওপিয়ান বাহিনীর ২টি ঘাঁটি লক্ষ্য করে প্রথমে এই অভিযান শুরু করেন। যেখানে হারাকাতুশ শাবাব মুজাহিদিন ভারী অস্ত্র শস্ত্র নিয়ে অতর্কিত এই অভিযানটি পরিচালনা করছেন বলে জানা গেছে। ফলে দখলদার ইথিওপিয়ান বাহিনী দিকভ্রান্ত হয়ে ছুটাছুটি করতে থাকে এবং যে যার মতো ঘাঁটি ছেড়ে পালিয়ে যায়।

দখলদার সেনাদের পলায়নের পর মুজাহিদগণ ঘাঁটিগুলো নিজেদের নিয়ন্ত্রণে নেন। পরে আশেপাশের এলাকাগুলোতে চিরুনী অভিযান চালিয়ে ২টি জেলা শহরের নিরাপত্তার দায়িত্বে থাকা গাদ্দার বাহিনীকে পলায়ন করতে বাধ্য করেন।

এরমধ্যে দিয়ে হারাকাতুশ শাবাব আল-মুজাহিদিন অল্প সময়ের মধ্যেই বৃহৎ ২টি জেলা শহর সম্পূর্ণ নিয়ন্ত্রণ নিতে সক্ষম হন। জেলাগুলো হলো সোমালিয়া এবং ইথিওপিয়ার মধ্যে কৃত্রিম সীমান্তে অবস্থিত "ইয়াদ" এবং "আটো" শহর। যেগুলোতে দীর্ঘদিন ধরে দখলদারত্ব বজায় রেখেছিল ইথিওপিয়ান বাহিনী।

উল্লেখ্য যে, সোমালিয়ার প্রধানমন্ত্রী আশ-শাবাবের বিরুদ্ধে "কঠিন এবং ব্যাপক লড়াইয়ের" হুমকি দেওয়ার কয়েক ঘন্টা পরেই এই অভিযানটি চালিয়েছে আশ-শাবাব। যার দ্বারা মূলত আশ-শাবাব সোমালি গাদ্দার সরকার ও দখলদার জোট বাহিনীকে বৃদ্ধাঙ্গুলি প্রদর্শন করেছেন বলে মত প্রকাশ করছেন বিশ্লেষকরা।

ভারতে মুসলিম পরিচয়ে ফেসবুকে হিন্দুত্ববাদী যুবকের আপত্তিকর পোস্ট

ভারতে উগ্র হিন্দুরা মুসলিমদের উপর গণহত্যায় সব শ্রেণীর হিন্দুদের শামিল করতে বিভিন্ন ষড়যন্ত্র করে যাচ্ছে। যার অন্যতম একটি হল মুসলিমদের পরিচয় ও বেশ ধারণ করে অপরাধমূলক কাজ করা। তারই অংশ হিসেবে এবার ভারতের কর্ণাটকে এক উগ্র হিন্দু যুবক মুসলিম ব্যক্তির নামে একটি অ্যাকাউন্ট ব্যবহার করে ফেসবুকে আপত্তিকর ও অশালীন কথা বার্তা পোস্ট করতে থাকে। যেন তা দেখে হিন্দুরা মুসলিমদের উপর ক্ষিপ্ত হয়ে উঠে।

সেই উগ্র হিন্দু যুবকের নাম দিভিন দেবাইয়া। সে কর্ণাটকের কোডাগু জেলার ভিরাজপেট তালুকের কেদামুল্লুর বাসিন্দা। সে তার ভুয়া অ্যাকাউন্টের মাধ্যমে হিন্দুদের দেবী কাবেরীকে মানহানিকর এবং অবমাননাকর বার্তা পোস্ট করে, যাকে স্থানীয় কোদাভা হিন্দু সম্প্রদায় তাদের দেবতা হিসাবে পূজা করে। হিন্দু যুবকটি মুসলিম হিসাবে পরিচয় দিয়ে কোডাভা সম্প্রদায়ের মহিলাদের লক্ষ্য করে অবমাননাকর ও অশ্লীল বার্তাও পোস্ট করেছিল।

কোডাগু বিজেপির একটি শক্ত ঘাঁটি এবং এই জেলায় বেশ কয়েকটি হিন্দুত্ববাদী সংগঠন সক্রিয় রয়েছে। এটি একটি সংবেদনশীল অঞ্চল হিসাবেও পরিচিত। ফলে সহজেই তাদের ক্ষেপিয়ে তুলে মুসলিমদের উপর হামলা করানো যাবে। হিন্দু যুবকদের অস্বস্তিকর পোস্টগুলি মুসলিম গণহত্যার মোড় নেয়। কারণ বিভিন্ন হিন্দু সংগঠন পোস্টগুলির তীব্র নিন্দা জানিয়ে 'বন্ধ' ডাক দিয়েছে। মুসলিমদের উপর হামলার জন্য প্রস্তুতি নিতে শুরু করেছিল।

কোডাভা সম্প্রদায়ের ফেডারেশনের সদস্যরা যারা (FB) এফবিতে-তে আপত্তিকর পোস্টের কারণে মুসলিদের বিরুদ্ধে অস্ত্র ধরেছিল। তারা অপরাধী মুসলিম নন তা জানার পর বলেছে যে, "এটি একটি দুর্ভাগ্যজনক ঘটনা যা ঘটা উচিত হয়নি।" ঘটনার আসল ব্যাপার না জানা গেছে নিশ্চই এটি মুসলিম গণহত্যায় রুপ নিত।

উল্লেখ্য, ইতিপূর্বেও বহু জায়গায় মুসলিম সেজে অপরাধ করতে গিয়ে ধরা পড়েছিল। আর ধরা না পড়লেই সব দোষ মুসলিমদের। আর বাংলাদেশে তো এসব ঘটনা অহরহ ঘটছে, যদিও এখানে প্রেক্ষাপট কিছুটা ভিন্ন।

তথ্যসূত্র:

----

1. Hindu youth arrested for posing as Muslim and posting objectionable posts on Facebook

- https://tinyurl.com/3ay73mw5

আশ-শাবাবাকে রুখতে কেনিয়ান সেনাদের প্রশিক্ষণ ও সজ্জিত করছে সন্ত্রাসী যুক্তরাষ্ট্র

সোমালিয়া ও কেনিয়ার আশেপাশে দুর্বার গতিতে চলছে আশ-শাবাবের বিজয় অভিযান। মুজাহিদদের এই বিজয় যাত্রা রুখতে উঠে পড়ে লেগেছে অমুসলিম বিশ্ব।

সেই লক্ষ্যেই কিছুদিন পূর্বে ক্রুসেডার মার্কিন যুক্তরাষ্ট্র আশ-শাবাবের বিরুদ্ধে যুদ্ধে অংশ নিতে কেনিয়াতে সৈন্য পাঠিয়েছে। সম্প্রতি দেশটিতে ক্রুসেডার বাহিনীর সামরিক তৎপরতা বৃদ্ধি পেয়েছে বলে মনে হচ্ছে। কেননা সেখানে কেনিয়ান সেনাদের প্রশিক্ষণ ও সামরিকভাবে সজ্জিত করছে মার্কিন যুক্তরাষ্ট্র।

২০২১ সালে কংগ্রেসে মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেনের পাঠানো একটি চিঠিতে বলা হয়েছে যে, আল-শাবাবের বিরুদ্ধে লড়াইয়ে কেনিয়ার সেনাবাহিনীকে সমর্থন দিবে পেন্টাগন। এই লক্ষ্যে পেন্টাগনের বিশেষ অ্যাকশন ইউনিট কেনিয়ান ক্রুসেডার বাহিনীর সাথে যৌথ সামরিক মহড়া শুরু করেছে।

তাদের সাথে যুক্তরাষ্ট্রের নৌবাহিনীর স্পেশাল অপারেশন কমান্ডোরাও যোগ দিয়েছে। ইউএস মেরিনরা বর্তমানে কেনিয়ার ইসিওলো শহরে কেনিয়ান সেনা বাহিনীর সাথে যৌথ সামরিক প্রশিক্ষণ অনুশীলন করছে। যার কিছু ছবিও প্রকাশ করেছে যুক্তরাষ্ট্র।

উল্লেখ্য যে, বৈশ্বিক ইসলামি প্রতিরোধ বাহিনী আল-কায়েদার পূর্ব আফ্রিকা ভিত্তিক জনপ্রিয় শাখা হারাকাতুশ শাবাব আল-মুজাহিদিন প্রধানত উত্তর কেনিয়ায় সবচাইতে বেশি সক্রিয়।

গত বছর কেনিয়ার একজন গভর্নর জানান যে, আশ-শাবাব কেনিয়ার উত্তরাঞ্চলের অর্ধেকেরও বেশি অঞ্চল নিয়ন্ত্রণ করছে। দলটি বিশেষ করে কেনিয়ার লামু, গারিসা, ওয়াজির এবং মান্দেরা অঞ্চলে সক্রিয়। যার সিংহভাগ অঞ্চলই পুরোপুরিভাবে নিয়ন্ত্রণ করছে আশ-শাবাব।

বাংলাদেশে হিন্দুরা আক্রান্ত উল্লেখ করে বিদেশ মন্ত্রীর হস্তক্ষেপ চেয়ে হিন্দুত্ববাদী শুভেন্দুর চিঠি

বাংলাদেশে অবস্থিত ভারতীয় হিন্দুত্ববাদীদের দালাল এশীয় হিন্দুরা আদা জল খেয়ে মাঠে নেমেছে। তারা ভারতের মত বাংলাদেশী মুসলিমদের উপর আগ্রাসন চালানোর মাঠ প্রস্তুত করছে। সে লক্ষ্যে কিছুদিন পরপর তারা প্রাণপ্রিয় নবী ও ইসলাম নিয়ে কটুক্তি করে তাওহিদী মুসলিমদের ক্ষিপ্ত করে জল ঘোলা করা চেষ্টা করে যাচ্ছে। নিজেরাই মূর্তি ভেঙ্গে, পুরনো বাড়িঘরে আগুন লাগিয়ে মুসলিমদেরকে তাদের উপর হামলাকারী হিসেবে তুলে ধরছে। আর কথিত সাজানো সংখ্যালঘু নির্যাতন কে পুঁজি করে বাংলাদেশের উপর হস্তক্ষেপ করার মোক্ষম সুযোগ তৈরির পাঁয়তারা করছে হিন্দুত্ববাদী ভারত।

বিগত বেশ কয়েক বছরে একাধিকবার বাংলাদেশে কথিত হিন্দু-নিপীড়নের নাটক সাজানো হয়েছে। হিন্দুত্ববাদী ভারতের সরকারী দল বিজেপি'র কট্টর মুসলিমবিদ্বেষী নেতা সুব্রামানিয়াম স্বামী কয়েক বছর আগে বলেছিল যে, বাংলাদেশে হিন্দু নির্যাতন বন্ধ না হলে ভারতের উচিৎ বাংলাদেশে আক্রমণ করা।

এবার এই বিষয়ে উদ্বেগ প্রকাশ করে গত ১৮-০৭-২২ সোমবার রাতে বিদেশ মন্ত্রণালয়কে চিঠি লিখেছে হিন্দুত্ববাদী শুভেন্দু অধিকারী। তাতে তার বক্তব্য, বাংলাদেশের হিন্দু সম্প্রদায়ের উপর লাগাতার সাম্প্রদায়িক হামলার ঘটনায় বিদেশমন্ত্রক যেন দ্রুত হস্তক্ষেপ করে।

অথচ ভারতে মুসলিমদের পিটিয়ে হত্যা করা হলে কিংবা কাশ্মীরে মুসলিম মা-বোনরা নির্যাতিত হলে এদেশের হিন্দুত্বাদীদের দালালরা বলে যে, এটা ভারতের অভ্যন্তরীণ বিষয়, অন্য দেশের অভ্যন্তরীণ বিষয় নিয়ে কেউ আমাদের দেশের জল ঘোলা করার চেষ্টা করলে তার বিরুদ্ধে কঠিন ব্যবস্থা নেওয়া হবে! আর এদেশে কিছু হলেই তদন্ত ছাড়াই ভারতীয় হিন্দুত্ববাদীরা বাংলাদেশে হামলা করার হুমকি দেয়।

তাই বিশেষজ্ঞরা বলছেন, ভারত ও বাংলাদেশে বাড়তে থাকা হিন্দুত্ববাদের প্রভাব ও মুসলিমবিদ্বেষ অত্র অঞ্চলের মুসলিমদের দিকে ধেয়ে আসা কোন ভয়াল ঝড়েরই পূর্বাভাস দিচ্ছে। বাংলাদেশের মুসলিমদের তাই এটা ভেবে বসে থাকে উচিৎ নয় যে, ভারত-কাশ্মীরের কিংবা আসামের মুসলিমদের সমস্যা শুধু তাদের মাঝেই সীমাবদ্ধ থাকবে; বরং তা অচিরেই এদেশেও এসে আছড়ে পরবে। তাই সেই হিন্দুত্ববাদী আগ্রাসী ঝড় মোকাবেলায় আগে থেকেই মুসলিমদেরকে ঐক্যবদ্ধ প্রস্তুতি নেওয়ার আহ্বান জানিয়েছেন হক্কানী উলামায়ে কেরাম।

তথ্যসূত্র:

----

১. বাংলাদেশে হিন্দুদের উপর ধারাবাহিক হামলা, বিদেশমন্ত্রকের হস্তক্ষেপ চেয়ে চিঠি শুভেন্দুর - https://tinyurl.com/8dr3sdp9

- https://tinyurl.com/hs2ap5h4

- https://tinyurl.com/4h5mxvvx

আল-ফিরদাউস নিউজ বুলেটিন || জুলাই ২য় সপ্তাহ, ২০২২ঈসায়ী

https://alfirdaws.org/2022/07/20/58087/

১৯শে জুলাই, ২০২২

হালাল বিয়েতে দালাল প্রশাসনের বাধা, বরের পলায়ন, মায়ের জরিমান

নামধারী মুসলিম হলেও দালাল প্রশাসন মুসলিমদের অনেক জায়েজ বিষয়ে সরাসরি হস্তক্ষেপ করে চলেছে। বিশেষ করে বাল্য বিয়ের নামে অনেক হালাল বিয়েকে ভেঙ্গে দিচ্ছে প্রশাসন। শুধু বাধা দিয়েই শেষ নয়। দেওয়া হচ্ছে অর্থণ্ডের পাশাপাশি কারাদণ্ড।

এবার নোয়াখালীর চাটখিলে বৈধ বিয়ে হওয়া সত্ত্বেও দালাল প্রশাসনের ভয়ে গভীর রাতে বিয়ে পড়ানোর আয়োজন করে আত্মীয়স্বজন। সেখানেও গাদ্দার প্রশাসনের লোকেরা বিয়ের আসরে অভিযান চালায়। বৈধভাবে বিয়ে করতে গিয়েও গাদ্দার প্রশাসনের হয়রানির ভয়ে পালিয়ে যান বর। বাল্য বিয়ের অভিযোগ তুলে কনের মাকে ১০ হাজার টাকা জরিমানা করেছে জালেম প্রশাসন।

ঘটনাটি ঘটেছে গতকাল ১৮ জুলাই সোমবার রাতে। বদলকোট ইউনিয়নের সপ্তগাঁও উচ্চ বিদ্যালয়ের অষ্টম শ্রেণির এক ছাত্রীর বিয়ের আয়োজন করা হয়। পরে রাতেই প্রশাসনের অভিযানের খবর পেয়ে ঢাকা থেকে আগত বর ও তার লোকজন পালিয়ে যান।

বিয়ে ভেঙ্গে দেওয়া ও জরিমানার কারণ হিসেবে তারা বলে মেয়ের এখনো ১৮ বছর পূর্ণ হয়নি। অথচ, শরীয়তের বিধান হল কোন মেয়ে বালেগা হলেই বিয়ে দেওয়া যাবে। গাদ্দার প্রশাসন বাল্য বিয়ে নামকরণ করে হালাল বিয়েগুলো ভেঙ্গে দিলেও, বাল্য প্রেম বা অবৈধ সম্পর্ক রোধে কোন ব্যবস্থা নেয় না। এ মেয়েটি যখন প্রেমিকের সাথে পার্কে যাবে, বা ডেটিংয়ের নামে অবৈধ কাজে জড়াবে, তখন তারা আবার ব্যক্তি স্বাধীনতার দোহাই দিবে। তাহলে আল্লাহর হালালকৃত বিয়ের ক্ষেত্রে তাদের কথিত ব্যক্তি স্বাধীনতা কোথায়।

আসলে দালাল সরকার, হলুদ মিডিয়া ও দালাল বুদ্ধিজীবী মহল চায় দেশে অশ্লীলতা ছড়িয়ে পড়ুক। তাই তারা হালাল বিয়েকে কঠিন করে যিনার পথকে সহজ করে দিয়েছে। যার বিষাক্ত ফলাফল আজ চোখের সামনে। রাস্তার পাশে, ডাস্টাবিনে অবৈধ বাচ্ছাদের ফেলে যাচ্ছে। কাক-কুকুর সে সমস্ত নিষ্পাপ বাচ্চাদের দেহ টেনে ছিচড়ে খাচ্ছে। আর অবৈধ ভ্রুন হত্যা, গর্ভপাতের তো কোন সীমা নেই।

উলামাগন তাই অনেকদিন থেকেই এসব অবৈধ কাজকর্মের বিরুদ্ধে এবং সরকার ও প্রশাসনের এমন ইসলামবিরোধী পদক্ষেপের বিরুদ্ধে সামাজিক প্রতিরোধ গড়ে তোলার আহব্বান জানিয়ে আসছেন।

তথ্যসূত্র:

১.পালালেন বর, জরিমানা গুনলেন কনের মা - https://tinyurl.com/uan22ewr

শ্রাবণ মেলায় মুসলিমদের দোকান বসানোতে নিষেধাজ্ঞা দিয়েছে হিন্দুত্ববাদী ট্রাস্ট

উত্তরপ্রদেশের আগ্রার শামশাবাদ রোডে অবস্থিত প্রাচীন স্থানের হিন্দুত্ববাদী ট্রাস্ট এক মুসলিম বিদ্বেষী ঘোষণা দিয়েছে। চলতি বছরের ১৮ জুলাই প্রাচীন রাজেশ্বরের দর্শনীয়স্থানে বিশাল মেলার আয়োজন করা হবে।

ট্রাস্টের পক্ষ থেকে জানানো হয়েছে, এই মেলাতে হিন্দুরা ছাড়া কোন মুসলিম ব্যবসায়ী দোকান দিতে পারবে না। স্বাভাবিকভাবেই মুসলিম ব্যবসায়ীদের চাপে ফেলতেই এই সিদ্ধান্ত নিয়েছে হিন্দুত্ববাদী সন্ত্রাসী দল বিশ্ব হিন্দু পরিষদ।

তাদের দাবি শ্রাবণ মাসে মেলা চত্বরে কোনও মুসলিম দোকান তৈরি করতে পারবে না। এই ঘোষণা দিয়েছে মন্দিরের ট্রাস্টের সদস্য ও বিশ্ব হিন্দু পরিষদের কর্মকর্তা হিন্দুত্ববাদী জিতেন্দ্র দাইপুরিয়া। সে বলেছে এই উৎসবে মুসলিদের থেকে কেন হিন্দুরা ফল, ফুল ও অন্যান্য সামগ্রী কিনবে? মুসলিমরা দোকান করেন এবং হিন্দু সম্প্রদায়ের লোকজন তাদের কাছ থেকে এসব সামগ্রী কেনে। এই বছর এই নিয়ম বন্ধ করা হচ্ছে। সে আরো বলেছে, শ্রাবণ মাসে লক্ষাধিক টাকা রোজগারের পরও মুসলিমরা হিন্দু ধর্মকে কলুষিত করার চেষ্টা করে, সুতরাং তা বরদাস্ত করা হবে না।

ট্রাস্টের সঙ্গে যুক্ত ব্যক্তিরা আরও বলেছে, "যারা তালেবানী চিন্তাভাবনা করে, তাদের আমরা কীভাবে শ্রাবণ মাসে ব্যবসা করতে দেব। তাই আমরা শুধু রাজেশ্বর নয়, আগ্রার সমস্ত জায়গার ব্যাপারে প্রশাসনের কাছে অনুরোধ করছি যে শ্রাবন মাসে কোনও মুসলিম ধর্মের লোকদের দোকান বসাতে দেওয়া উচিত নয়।"

মুসলিম বিদ্বেষী এই ঘোষণায় অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট নগর এ কে সিং তাদের বিরুদ্ধে কোন ব্যবস্থা না নিয়ে উল্টো বলেছে যে, "রাজেশ্বর একটি অতি প্রাচীন স্থান। প্রতিটি স্থানের নিজস্ব রীতিনীতি এবং ঐতিহ্য রয়েছে। এমতাবস্থায় তারা যদি কোনো সিদ্ধান্ত নেয়, তবে তারা এই সিদ্ধান্ত নিতে স্বাধীন। সেখানে প্রশাসনের কিছু করার নেই।"

হিন্দুত্ববাদী নেতারা সবসময় চায় কিভাবে মুসলিমদের চাপে ফেলে দুর্বল বানাবে। তাই উলামায়ে কেরাম সকল মুসলিমকে ঐক্যবদ্ধ হয়ে সামাজিক-অর্থনৈতিক সকল সমস্যার সমাধান করার আহ্বান জানিয়েছেন।

তথ্যসূত্র:

----

১. হিন্দু না হলে শ্রাবণ মেলায় দোকান দেওয়া যাবে না - https://tinyurl.com/33kkchj2

ফটো রিপোর্ট || আশ-শাবাব নিয়ন্ত্রিত অঞ্চলে উৎসবমুখর ঈদের দিনগুলো-২

পবিত্র ঈদুল আযহাকে ঘিরে ইবাদতের পাশাপাশি নানারকম উৎসবময় অনুষ্ঠানের মাধ্যমে ঈদের দিনগুলো পার করেছেন আশ-শাবাব নিয়ন্ত্রিত রাজ্যগুলোর মুসলিমরা।

ঈদের দিনগুলোকে উৎসবমুখর করতে বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করেছে আশ-শাবাব। এসব অনুষ্ঠানের মধ্যে রয়েছে কুরআন তিলাওয়াত, নাশিদ ও কবিতা আবৃতি, কৌতুক এবং নানারকম খেলা। এছাড়াও রয়েছে আশ-শাবাব যোদ্ধাদের সামরিক কুচকাওয়াজ, বিভিন্ন খেলা এবং দর্শনীয় পারফরম্যান্স।

যাতে সাধারণ মানুষ সতস্ফুর্তভাবে অংশগ্রহণ করেন এবং অনুষ্ঠানগুলো উপভোগ করেন।

উৎসবমুখর ঈদের দিনগুলোর কিছু চিত্র দেখুন…

https://alfirdaws.org/2022/07/19/58073/

১৮ই জুলাই, ২০২২

শহীদ বুরহান ওয়ানি : কাশ্মীর প্রতিরোধ যুদ্ধের অন্যতম বীর প্রতীক

প্রারম্ভিকা :

বুরহান ওয়ানি (১৯৯৪-২০১৬) হিন্দুত্ববাদী ভারতের জবরদখল থেকে কাশ্মীরকে মুক্ত করার দৃঢ় প্রত্যয়ী টগবগে এক যুবক। তিনি মাত্র ২১ বছর বয়সেই কাশ্মীরি মুসলিমদের চোখে প্রতিরোধ যুদ্ধের অন্যতম প্রতীক, একজন দুর্ধর্ষ কমান্ডার এবং সফল গেরিলা নেতা হয়ে উঠেছিলেন। আর ভারতীয় দখলদার বাহিনীর কাছে হয়ে উঠেন মূর্তিমান আতংক ।

জন্ম ও শিক্ষা :

বুরহান ওয়ানি ১৯৯৪ সালে ভারত-অধিকৃত জম্মু কাশ্মীরের পুলওয়ামা জেলার দাদাসারা গ্রামের এক সম্ভ্রান্ত শিক্ষিত পরিবারে জন্মগ্রহণ করেন। তাঁর পিতা মুজাফফর আহমেদ ওয়ানী, যিনি ছিলেন এই অঞ্চলের একটি

স্কুলের অধ্যক্ষ। তাঁর সম্মানিতা মা আনিসা মাইমুন মুজাফফর। তিনি বিজ্ঞানে স্নাতক ডিগ্রি অর্জনের পর এই অঞ্চলের শিশুদের কুরআনের পাঠ দিতেন।

বুরহান ওয়ানি প্রাথমিক শিক্ষা তাঁর মমতাময়ী মায়ের কাছে গ্রহণ করেন। এরপর এলাকারই একটি স্কুলে শিক্ষা কার্যক্রম চালিয়ে যান। তিনি তাঁর ক্লাসে খুব সফল ছাত্র ছিলেন। উচ্চ বিদ্যালয়ের শিক্ষাতেও খুব ভালো ফলাফল করেন। পড়া লেখার বাইরে তিনি ক্রিকেট খেলতে ভালোবাসতেন। হাসিখুশি স্বভাবের ওয়ানির একমাত্র নেশা বলতে এটাই ছিল।

ওয়ানী পেশায় একজন চিকিৎসক হতে চেয়েছিলেন। কিন্তু তাঁর ভাগ্যে অন্য কিছুই লিপিবদ্ধ ছিলো। ভূ-স্বর্গ কাশ্মীরে ভারতীয় দখলদারিত্ব এবং ক্রমবর্ধমান জুলুম তাঁকে ভিন্ন ভবিষ্যতের দিকে নিয়ে যায়।

প্রতিরোধ যুদ্ধে যোগদান :

ছোটবেলা থেকেই বুরহান ওয়ানি এমন এক ভূখণ্ডে বড় হতে থাকেন, যেখানে সর্বত্রই হিন্দুত্ববাদী ভারতীয় দখলদারিত্বের প্রভাব বিদ্যমান। মুসলিমরা চরমভাবে দখলদার ভারতীয়দের হাতে অবর্ণনীয় নির্যাতন নিপীড়নের শিকার। মুসলিমদের এই করুণ অবস্থা ধীরে ধীরে বুরহান ওয়ানিকে প্রভাবিত করতে থাকে। অবশেষে ১৫ বছরের টগবগে বুরহান ভারতীয় দখলদারিত্বের বিরুদ্ধে সশস্ত্র প্রতিরোধ যুদ্ধে যোগদানের সিদ্ধান্ত নেন।

সময়টা তখন অক্টোবর, ২০১০ সাল। ভারতীয় দখলদার বাহিনী কর্তৃক কাশ্মীরে দমন-পীড়ন অতিমাত্রায় বাড়তে থাকে- যা তাকে কঠিনভাবে প্রভাবিত করে। ফলে বুরহান ওয়ানি তাঁর শিক্ষা জীবনের ইতি টানতে বাধ্য হন এবং এই অঞ্চলের অন্যতম প্রতিরোধ বাহিনী হিজবুল মুজাহিদিনে যোগ দেন।

হিজবুল মুজাহিদিনে যোগ দেবার কিছুদিনের মধ্যেই সকলের নজর কাড়েন ওয়ানি। শিক্ষিত পরিবারের হওয়ায় স্যোশাল মিডিয়াকে কীভাবে কাজে লাগাতে হয় তা ভালো করেই জানতেন তিনি। ফলে ফেসবুক, টুইটারসহ বিভিন্ন স্যোশাল মিডিয়াকে দাওয়াতের বড় একটি মাধ্যম হিসাবে ব্যবহার করতে শুরু করেন তিনি। এর মাধ্যমে তিনি কাশ্মীরের যুবসমাজকে প্রতিরোধ যুদ্ধের প্রতি উদ্বুদ্ধ করতে শুরু করেন। অল্প সময়েই তিনি এই অঞ্চলে একটি সুপরিচিত নাম হয়ে উঠেন।

দখলদার ভারতীয়দের বিরুদ্ধে প্রতিরোধ যুদ্ধকে সমর্থন করার জন্য কাশ্মীরি জনগণকে আকৃষ্ট করতে সক্ষম হন ওয়ানি। যা তাকে কাশ্মীর প্রতিরোধ যুদ্ধে আরও সুপরিচিত মুখ হয়ে উঠতে সহায়তা করে। এসময় তাঁর দাওয়াতে আকৃষ্ট হয়ে বহু মানুষ সশস্ত্র প্রতিরোধ যুদ্ধে যোগ দিতে থাকেন।

বুরহান ওয়ানিকে ধরতে মরিয়া দিল্লি :

এই প্রক্রিয়ায় যুবক বুরহান ওয়ানি ভারতীয় দখলদার বাহিনীর কাছে মূর্তমান এক আতংকের নাম হয়ে উঠেন। হিন্দুত্ববাদী দখলদার ভারতীয় প্রশাসন কোনো ভাবেই তাকে গ্রেফতার করতে পারছিল না। ফলে ওয়ানির ভাই এবং তার কয়েকজন আত্মীয়কে খুন করে ভারতীয় দখলদার বাহিনী। এসব কোন কিছুই বুরহান ওয়ানিকে প্রতিরোধ যুদ্ধ থেকে বিরত রাখতে পারেনি। বরং তিনি আগের চেয়ে আরও ক্ষিপ্র হয়ে যুদ্ধে অংশ নিতে থাকেন এবং কাশ্মীরের জনগণকে প্রতিরোধ যুদ্ধে সরাসরি অংশগ্রহণ করতে আহ্বান জানাতে থাকেন।

বুরহান ওয়ানির এই প্রতিরোধ যুদ্ধের আহ্বান যখন কাশ্মীরের অলি-গলিতে গুঞ্জন উঠাতে শুরু করে, তখন হিন্দুত্ববাদী ভারত সরকার তাকে ধরতে পুরস্কার ঘোষণা করে। সেই সূত্র ধরেই ২০১৫ সালের আগস্টে বুরহান ওয়ানির মাথার মূল্য ১ মিলিয়ন (১০ লাখ) রুপি ঘোষণা করে হিন্দুত্ববাদী ভারত সরকার।

এই সময়টাতে বুরহান ওয়ানি তাঁর বিশ্বস্ত কিছু সাথীদের নিয়ে একটি ঐতিহাসিক সিদ্ধান্তের দিকে অগ্রসর হতে থাকেন। তিনি এই অঞ্চলে একটি স্বাধীন ইসলামি প্রতিরোধ (জিহাদি) বাহিনী গড়ে তোলার কার্যক্রম শুরু করেন। সেই সাথে কাশ্মীর সমস্যার সমাধান এবং কাশ্মীরি প্রতিরোধ গোষ্ঠীগুলোকে এক করতে যুদ্ধের ময়দানকে বিদেশি (গাদ্দার পাকিস্তান) প্রভাব থেকে মুক্ত করার সিদ্ধান্ত নেন।

এই প্রক্রিয়ায়, তিনি হিজবুল মুজাহিদিনের নেতৃত্বের সাথে মতানৈক্যের সম্মুখীন হন। (যদিও তিনি তখন হিজবুল মুজাহিদিনের সর্বোচ্চ নেতা)। কেননা দলটির কলকাঠি নাড়তো গাদ্দার পাকিস্তান। দলের অধিকাংশ কমান্ডার পূর্ব থেকেই পাকিস্তানের সাথে সংযোগ রেখে কাজ করে আসছিল।

এই উত্তেজনাকর পরিস্থিতির মধ্যেই বুরহান ওয়ানি নতুন একটি বক্তব্য প্রচার করেন। তিনি ঘোষণা করেন যে, শুধুমাত্র কাশ্মীরে নয়, সারা বিশ্বে একটি ইসলামী খেলাফত প্রতিষ্ঠিত না হওয়া পর্যন্ত তাঁদের সংগ্রাম চলবে। মূলত বুরহান ওয়ানির এই বক্তব্যের পর পরই তাঁকে অঘোষিতভাবে হিজবুল মুজাহিদীন থেকে একঘরে করে রাখা হয়। ফলে বুরহান ওয়ানিও তাঁর অধীনস্থদের নিয়ে একটি নতুন এবং স্বাধীন প্রতিরোধ বাহিনী প্রতিষ্ঠা করেন। (যেটি পরবর্তীতে জাকির মুসার হাত ধরে পূর্ণতা লাভ করে।) নতুন প্রতিরোধ বাহিনী গঠনের আনুষ্ঠানিক ঘোষণা দেবার ১০ দিন পূর্বেই বুরহান ওয়ানিকে শহীদ করা হয়। তাঁর শাহাদাতের পিছনে পাকিস্তান এবং হিজবুল মুজাহিদীনের কিছু কমান্ডারের ভূমিকা ছিলো বলেও অভিযোগ উঠে।

বুরহান ওয়ানি তাঁর সর্বশেষ ভিডিও, নিবন্ধ এবং অন্যান্য বিষয়বস্তুতে বার বার জনগণকে ভারতীয় দখলদারিত্বের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তোলার আহ্বান জানান। পাশাপাশি শরিয়ত ও শাহাদাতের প্রতি উদ্বুদ্ধ করেন। তিনি এও বলেন যে, ভারত কাশ্মীরে ইসরাইলের নীতি অবলম্বন করছে। [১]

বুরহান ওয়ানির শাহাদাত ও কাশ্মীর জিহাদের নতুন অধ্যায় :

অবশেষে ৮ জুলাই ২০১৬-এ বুরহান ওয়ানির অবস্থান খুঁজে পায় ভারতীয় বাহিনী। কাশ্মীরের কোকেরনাগ জেলার বুমডোরা গ্রামে তাঁর খোঁজে অভিযান চালায় দখলদার বাহিনী। অভিযান ঘণ্টার পর ঘণ্টা ধরে চলতে থাকে। লড়াইয়ের এক পর্যায়ে শাহাদাত বরণ করেন বুরহান ওয়ানি ও তাঁর দুই ঘনিষ্ঠ সাথী।

বুরহান ওয়ানির শাহাদাতের পর কাশ্মীরের সর্বস্তরের মানুষ রাস্তায় নেমে দখলদার ভারতীয় প্রশাসনের সঙ্গে সংঘর্ষে লিপ্ত হন। বুরহান ওয়ানির জানাজায় প্রায় ২ লাখ মানুষ অংশ নেন। তাঁর শাহাদাতের পর কয়েক মাস ধরে চলে কাশ্মীর জুড়ে তীব্র সংঘর্ষ। এতে বহু মানুষ প্রাণ হারান, অনেকেই আহত হন।

তাঁর শাহাদাতের মধ্য দিয়ে কাশ্মীর প্রতিরোধ যুদ্ধে শুরু হয় নতুন এক বিপ্লব। যা ভারতকে চিন্তিত করে তুলে। কেননা ভারত ভেবেছিল বুরহান ওয়ানির শাহাদাতের মধ্য দিয়ে কাশ্মীর প্রতিরোধ যুদ্ধ অস্তমিত হয়ে যাবে। কিন্তু

বাস্তবে ঘটে তার সম্পূর্ণই বিপরীত ঘটনা। বিভিন্ন সূত্র মতে বুরহান ওয়ানির শাহাদাতের বছরই সর্বোচ্চ সংখ্যক যুবক প্রতিরোধ যুদ্ধে অংশগ্রহণ করেন।

এই নতুন যুবকের দল আর বুরহান ওয়ানির ঘনিষ্ঠ সাথীরা কাশ্মীর প্রদিরোধ যুদ্ধে নতুন এক মাত্রা যুক্ত করেন। তাঁরা বুরহান ওয়ানির অসম্পূর্ণ স্বপ্ন বাস্তবায়নে নতুন উদ্যমে কাজ শুরু করেন। কয়েক মাসের ব্যবধানে তাঁরা হিজবুল মুজাহিদীনের পরবর্তী সর্বোচ্চ নেতা কমান্ডার জাকির মুসার নেতৃত্বে নতুন পথ চলা শুরু করেন। তাঁরা পাকিস্তানি গোয়েন্দা সংস্থার গোলামী ছেড়ে ঘোষণা করেন আনসার গাজওয়াতুল হিন্দ নামে নতুন এক ইসলামি প্রতিরোধ বাহিনীর।

প্রতিরোধ যুদ্ধের এই প্রক্রিয়ায় যুবকরা কাশ্মীর যুদ্ধের স্লোগানই পরিবর্তন করে ফেলেন। 'কাশ্মীর বনেগা পাকিস্তান' স্লোগানের পরিবর্তে তাঁরা আওয়াজ তুলেন 'কাশ্মীর বনেগা দারুল ইসলাম'। যেই স্লোগানে সাড়া দিতে থাকেন তাওহিদপ্রেমী প্রতিটি কাশ্মীরি। যুবকরা কাশ্মীর আযাদের স্বপ্ন বুকে ধীরে ধীরে নতুন এই প্রতিরোধ বাহিনীতে যুক্ত হতে থাকেন।

এই বাহিনীতে যুক্ত হন বোরহান ওয়ানী রহিমাহুল্লাহ'র আপন ভাই **'ইমতিয়ায শাহ'**। যিনি আনসার গাযওয়াতুল হিন্দের একজন ডিপুটি ছিলেন। ২০২১ সালের ৮ এপ্রিল বৃহস্পতিবার দক্ষিণ কাশ্মীরের শোপিয়ানে তিনি সহ আনসার গাজওয়াতুল হিন্দের মোট ৫ জন মুজাহিদ শাহাদাত বরণ করেন। যারা দীর্ঘ ২৪ ঘন্টা ধরে হিন্দুত্ববাদী ভারতীয় দখলদার বাহিনীর সাথে লড়াই করতে করতে শাহাদাতের পেয়ালা পানে ধন্য হন। এবং কাশ্মীরে শরিয়াহ্ ও শাহাদাতের আওয়াজকে বুলন্দ কারেন। যার ধরা আজও কাশ্মীরের উপত্যকায় চলমান রয়েছে।

বুরহান ওয়ানি মরেননি। বুরহান ওয়ানিরা মরেন না। তিনি যুগ যুগ ধরে কাশ্মীর প্রতিরোধ যুদ্ধের প্রতীক হয়ে বেঁচে থাকবেন মানুষের হৃদয়ে। আল্লাহ তায়ালা তাঁর শাহাদাতকে কবুল করুন।

টীকা :

[১] বুরহান ওয়ানির এধরণের কিছু বক্তব্য ও চিন্তাধারা পরবর্তীতে 'আল-হুর' মিডিয়ায় এবং জাকির মুসা সহ ওয়ানির একাধিক ঘনিষ্ঠ সঙ্গী প্রকাশ করেন।

লেখক : ত্বহা আলী আদনান

তথ্যসূত্র :

1) https://starsunfolded.com/burhan-wani/

2) https://bengali.oneindia.com/news/features/who-burhan-wani-hizbul-mujahideen-terrorist-killed-by-kashmir-police-009362.html

3) https://en.m.wikipedia.org/wiki/Burhan_Wani

মালির রাজধানীতে হামলা প্রসারিত করেছে আল-কায়েদা: অফিসার সহ ৬ সেনা নিহত

২০১১ সাল থেকে শরিয়াহ্ ও শাহাদাতের লক্ষ্য নিয়ে মালিতে দখলদার বাহিনীর বিরুদ্ধে অভিযান শুরু করে ইসলামি প্রতিরোধ যোদ্ধারা। যা আজও দেশটিতে অব্যাহত রয়েছে। যার ফলশ্রুতিতে প্রতিনিয়ত বহু গাদ্দার ও দখলদার সেনা প্রতিরোধ যোদ্ধাদের হাতে নিহত হচ্ছে। সেই সূত্র ধরেই সম্প্রতি মালির রাজধানী বামাকোতে অভিযান বিস্তৃত করেছেন ইসলামি প্রতিরোধ যোদ্ধারা।

গত ১৪ জুলাই বামাকোতে বীরত্বপূর্ণ একটি সফল অভিযান পরিচালনা করছেন আল-কায়েদা সংশ্লিষ্ট ইসলামি প্রতিরোধ যোদ্ধারা। যা গাদ্দার সামরিক বাহিনীর একটি ঘাঁটি টার্গেট করে চালানো হয়েছে। বরকতময় এই হামলায় অন্তত ৬ সেনা নিহত হয়, যাদের মধ্যে ৪ জনই উচ্চপদস্থ সেনা অফিসার। সেই সাথে আরও বহু সংখ্যক সৈন্য আহত হয়। এই অভিযানের ফলে দখলদার ক্রুসেডার বাহিনী এবং তাদের সাথে কাজ করা গাদ্দার বাহিনীর মধ্যে আতংক ছড়িয়ে পড়েছে।

মালিয়ান কর্তৃপক্ষের দেওয়া বিবৃতিতে বলা হয়েছে যে, গত বৃহস্পতিবার রাতে ভারী অস্ত্রধারীরা সেনাদের উপর একটি অতর্কিত হামলা চালানো হয়েছে। যা রাজধানী বোমাকোর খুব কাছে অবস্থিত জনতাগিলা জেলার সামরিক ঘাঁটি লক্ষ্য করে চালানো হয়। এতে নিরাপত্তা বাহিনী ব্যাপক ক্ষয়-ক্ষতির সম্মুখীন হয়েছে।

আঞ্চলিক বিশেষজ্ঞরা বলছেন যে, আল-কায়েদা পশ্চিম আফ্রিকান শাখা জামা'আত নুসরাতুল ইসলাম ওয়াল মুসলিমিন (জেএনআইএম) মালির মধ্য ও উত্তরাঞ্চলে খুবই সক্রিয়। সাম্প্রতিক সময়ে দলটি তাদের তৎপরতা বাড়িয়েছে। তাঁরা এখন রাজধানীতেও আক্রমণ চালাতে শুরু করেছে।

উল্লেখ্য যে, জেএনআইএম সাম্প্রতিক বছরগুলোতে মালির বাহিরে বিভিন্ন দেশে তাদের আক্রমণ স্থানান্তরিত করেছে। তাঁরা আইভরি কোস্ট, পশ্চিম ও দক্ষিণ মালি, দক্ষিণ বুর্কিনা ফাসো, বেনিন এবং টোগোর মতো অঞ্চলে কার্যক্রম সম্প্রসারিত করেছেন, আলহামদুলিল্লাহ।

কাশ্মীরে গ্রেনেড বিস্ফোরণে হিন্দুত্ববাদী ভারতের ২ সেনা অফিসার নিহত, আহত ৪

ভারত অধিকৃত কাশ্মীরের পুঞ্চ অঞ্চলে একটি গ্রেনেড বিস্ফোরণের শিকার হয়েছে হিন্দুত্ববাদী ভারতীয় দখলদার বাহিনী। এতে অফিসার সহ ৬ সেনা হতাহত হয়েছে বলে জানা গেছে।

আঞ্চলিক সংবাদ মাধ্যমের রিপোর্ট থেকে জানা গেছে, গতকাল ১৭ জুলাই মাঝরাতে পুঞ্চ জেলার মেনধার সেক্টরের সীমান্তবর্তী এলাকায় উক্ত গ্রেনেড বিস্ফোরণের ঘটনাটি ঘটেছে। যেখানে দখলদার ভারতীয় সেনারা টহল দিচ্ছিল।

হঠাৎই এই গ্রেনেড বিস্ফোরণের ঘটনায় অফিসার সহ ৬ সেনা সদস্য গুরুতর আহত হয়। পরে আহত সেনাদের চিকিৎসার জন্য হাসপাতালে নেওয়ার পথেই ২ অফিসার মারা যায়। বাকিদের অবস্থা এখনো আশংকাজনক বলে জানা গেছে।

উল্লেখ্য যে, কাশ্মীরে শুধু প্রতিরোধ যোদ্ধাদের হামলায়ই নয়, বরং বিভিন্ন দূর্ঘটনা ও অপঘাতে প্রায়ই মারা যাচ্ছে হিন্দুত্ববাদী ভারতীয় সেনা সদস্যরা।

তথ্যসূত্র :

----

1. Army officer, JCO killed, four others injured in accidental grenade blast at LoC in Mendhar

-

পার্বত্য অঞ্চলে সশস্ত্র গ্রুপের ছড়াছড়ি, বাড়ছে অস্থিরতা ও লাশের সংখ্যা

চট্টগ্রামের পার্বত্য অঞ্চলে অস্থিরতা দীর্ঘদিনের। তবে বর্তমানে পাহাড়ি এ অঞ্চলটিতে বহুগুণ বৃদ্ধি পেয়েছে এই অস্থিরতা। দিনকে দিন অঞ্চলটিতে বৃদ্ধি পাচ্ছে অবৈধ সশস্ত্র সংগঠনের ততপরতা। যারা রুটিন মাফিক চাঁদাবাজিসহ হত্যাকাণ্ড চালাচ্ছে পার্বত্য অঞ্চলে। প্রায়ই গ্রুপেগুলো একে অপরের বিরুদ্ধে গুলাগুলির ঘটনা ঘটেছে।

আজ (১৮ জুলাই) ভোরে এমনি একটি ঘটনা ঘটেছে। খাগড়াছড়ির মাটিরাঙ্গায় পাহাড়ের সশস্ত্র সংগঠন ইউপিডিএফের দুই গ্রুপের মধ্যে গোলাগুলিতে একজন নিহত হয়েছে।

জানা যায়, ভোর সোয়া ৫টার দিকে মাটিরাঙ্গা উপজেলার তাইন্দং ইউনিয়নের দুর্গম সুকুমার কার্বারী পাড়ায় এ ঘটনা ঘটে। নিহতের নাম অদুত ত্রিপুরা ওরফে উত্তম ত্রিপুরা। এ ঘটনায় আরও একজন আহত হয়েছে বলে জানা গেছে। তবে আহতের নাম পরিচয় পাওয়া যায়নি।

বিষয়টি নিশ্চিত করে ২৩ বিজিবির যামিনী পাড়া ক্যাম্পের অধিনায়ক লে. কর্নেল জাহিদুল করিম জানান, ভোর ৫টা থেকে সোয়া ৫টার মধ্যে গোলাগুলির ঘটনা ঘটে। এমন সংবাদের খবর পেয়ে ঘটনাস্থলে যান তারা। এ সময় একজনের গুলিবিদ্ধ লাশ উদ্ধার করা হয়।

এছাড়া ঘটনাস্থল থেকে ১টি একে ২২ রাইফেল, ২টি ম্যাগাজিন, ৩ রাউন্ড গুলি, ৩১ রাউন্ড গুলির খোসা, ১টি ডেমো রাইফেল, চাঁদা আদায়ের রশিদ, তালিকাসহ হিল উইমেনস ফেডারেশনের একটি ব্যানার পাওয়া যায়। সাংগঠনিক কাগজপত্র ও নিহত ব্যক্তি ইউপিডিএফ মূল দলের বলে ধারণা করা হচ্ছে বলেও জানায় বিজিবি।

এছাড়াও, গত ১৫ জুলাই বান্দরবান পার্বত্য জেলাধীন সদর উপজেলার ৬নং জামছড়ি ইউনিয়নে একদল সশস্ত্র গ্রুপ কর্তৃক শৈসিংমং মারমা, পীং-খ্যিদুং মারমা নামে দুই নিরীহ জুম্ম গ্রামবাসীকে গলাকেটে নৃশংসভাবে হত্যা করা হয়েছে।

আনুমানিক রাত ২:৩০ টার দিকে জামছড়ি ইউনিয়নের ৪নং ওয়ার্ডের বাঘমারা হেডম্যান পাড়ায় ভিকটিমের নিজ বাড়িতে এই হত্যাকান্ডের ঘটনা ঘটেছে বলে খবর পাওয়া গেছে।

নিহত শৈসিংমং মারমার স্ত্রী উম্যানু মারমা (৩৬) জানান, 'কয়েকজন মুখোশধারী লোক গভীর রাতে ঘরে ঢুকে তার স্বামীকে গলাকেটে হত্যা করে।' বাড়িতে শৈসিংমং মারমা, তার স্ত্রী ও তাদের দুই কন্যা সন্তান থাকত বলে জানা গেছে। ঘটনার পরপরই উম্যানু মারমা ভয়ে তার দুই সন্তান নিয়ে এক প্রতিবেশীর বাড়িতে আশ্রয় নেয় বলে জানা যায়।

উল্লেখ্য, যে গ্রামে শৈসিংমং মারমা হত্যার শিকার হয়েছেন সশস্ত্র গ্রুপ ইউপিডিএফ দলের বান্দরবান জেলা শাখার সভাপতি হেডম্যান মংপু মারমার বাড়িও সেই গ্রামে। ধারণা করা হয় যারাই এসব গ্রুপের নীতি ও আদর্শের বিরুদ্ধে কাজ করে তাদেরকেই টার্গেট করে হত্যা করা হচ্ছে।

বিশ্লেষকরা বলছেন, সাম্প্রতিক এই উপজাতি সশস্ত্র গ্রুপগুলর মধ্যে যে আধিপত্য বিস্তারের লড়াই চলছে, সেটা মূলত সশস্ত্র গোষ্ঠীগুলোর জুম্মল্যান্ড আন্দোলন থেকে ব্যাপক ভিত্তিক খ্রিস্টান রাষ্ট্র কায়েমের দিকে সরে যাওয়ার ইঙ্গিত বহন করছে। আর যেহেতু এই অঞ্চলের মুসলিমদের ভবিষ্যৎ অনিশ্চিত হয়ে যাওয়ার পরেও এদেশের দালাল সরকার কোন পদেক্ষেপ নিচ্ছে না, তাই মুসলিমদেরকেই এসব সন্ত্রাসীদের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তোলার আহব্বান জানিয়েছেন হক্কানী উলামায়ে কেরাম।

তথ্যসূত্র:

১। খাগড়াছড়িতে ইউপিডিএফের দুই পক্ষের গোলাগুলিতে নিহত ১: অস্ত্র, গুলি উদ্ধার- https://tinyurl.com/y25rmeb5

২। বান্দরবানে দুর্বৃত্ত কর্তৃক এক মারমা গ্রামবাসীকে গলাকেটে হত্যা- - https://tinyurl.com/mrynhfev

দেশে দেশে ইসলাম বিদ্বেষ: জার্মানিতে হিজাবি মহিলাকে হেনস্থা

জার্মানিতে পথে-ঘাটে হেনস্থার শিকার হয়ে চলেছেন মুসলিম নারীরা। সর্বশেষ দেশটির রাজাধানী বার্লিনে একজন মুসলিম নারীর মাথার হিজাব ছিঁড়ে তাকে মারধর করা হয়েছে।

মুসলিম বিদ্বেষী হামলাকারী ছিল ৩৭ বছর বয়সি। সে জনসমক্ষে একজন ৩৯ বছর বয়সি মুসলিম নারীর মাথার স্কার্ফ ছিঁড়ে তার মাথায় এবং শরীরে আঘাত করে। আক্রমণটি ভিসেনজা এলাকার একটি রেস্তরাঁয় হয়েছে।

গত ১৫ জুলাই শুক্রবার বার্লিনের প্রেনজলাউয়ারবার্গ এলাকায় আরেকটি মুসলিম বিদ্বেষী হামলার ঘটনা ঘটেছে। সেখানে এক ৫২ বছর বয়সি ব্যক্তি দু'জন মুসলিম নারীকে অকথ্য ভাষায় গালিগালাজ করেছে। এতা বলার অপেক্ষা রাখে না যে, শুধুমাত্র মুসলিম হওয়ার কারণেই তাদেরকে এমন হেনস্থার শিকার হতে হয়েছে।

কথিত এসব উন্নত দেশে ব্যক্তি স্বাধীনতার নামে সব করা যাবে, কিন্তু মুসলিমরা হিজাব পড়তে পারবে না। সকলের নিরাপত্তার অধিকার থাকলেও মুসলিমদের জন্য কোন নিরাপত্তা নেই। তাদেরকে হয়রানি করলেও কোন বিচার করা হয় না। এব্যাপারে মিডিয়া কিংবা মানবাধিকার সংস্থাগুলো কথা বলবে না। এর কারণ একটাই তারা মুসলিম।

বিশ্লেষকরা বলছেন, পশ্চিমারা চায় সম্মানিত মুসলিম নারীরাও তাদের নারীদের মত নিজেদেরকে প্রদর্শন করে বেরাক; কারণ তাঁরা তো ইতিমধ্যে তাদের নারীদেরকে ভোগ্যপণ্যের স্তরে নামিয়ে এনেছে।

তথ্যসূত্র:

----

১. জার্মানিতে হিজাবি মহিলাকে হেনস্থা - https://tinyurl.com/4vxn96h3

উত্তরপ্রদেশের মন্দিরে গোস্ত ফেলে ষড়যন্ত্র, মুসলিমদের মাংসের দোকানে আগুন

গত শনিবার উত্তরপ্রদেশের একটি গ্রামের মন্দির প্রাঙ্গণে কে বা কারা গোস্তের টুকরো ছুড়ে ফেলে। একাজগুলো হিন্দুদেরকে মুসলিমদের উপর ক্ষেপিয়ে তুলতে উগ্র হিন্দুরাই পরিকল্পনামাফিক করে থাকে। যা ইতিমধ্যেই ভারতের বিভিন্ন জায়গায় করতে গিয়ে ধরা পড়েছে। আর যেগুলোতে ধরা পড়ে না, সেগুলোর দোষ চাপানো হয় মুসলিমদের উপর।

ঘটনাটি ঘটেছে তালগ্রাম থানার সীমানার মধ্যে অবস্থিত রসুলাবাদ গ্রামে। ভোর ৪টার দিকে মন্দিরের পুরোহিত জগদীশ জাটভ মন্দিরের ভেতরে মাংসের টুকরো দেখতে পায়।

এই ঘটনায় ক্ষুব্ধ উগ্র হিন্দুত্ব জনতা মন্দির থেকে অল্প দূরে অবস্থিত মুসলিম ব্যক্তিদের মালিকানাধীন তিনটি মাংসের দোকানে আগুন ধরিয়ে দেয়। পরে স্থানীয় হিন্দুরা পুলিশকে খবর দেয়।

স্থানীয় প্রশাসন ও পুলিশের আধিকারিকরা ঘটনাস্থলে পৌঁছে মুসলিম ব্যক্তিদের আগুন লাগিয়ে দেওয়া দোকানের কোন ব্যবস্থা নেয়নি। তারা মন্দির চত্বর থেকে মাংসের টুকরোগুলি সরানো এবং কম্পাউন্ডটি পরিষ্কারের কাজ করে।

তদন্ত ছাড়া দোকানে আগুন দেওয়ার পরেও উল্টো স্থানীয় হিন্দু গোষ্ঠীর সদস্যরা মুসলিমদের বিরুদ্ধে বিক্ষোভ করে এবং তালগ্রাম-ইন্দরগড় সড়ক অবরোধ করে।

সে দিন বিকেলে উত্তেজিত হিন্দু জনতা আরো তিনটি মাংসের দোকানে আগুন ধরিয়ে দিলে পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। আতঙ্কিত মুসলিমরা দোকানপাট, বাড়িঘর ছেড়ে পালিয়ে যায়।

এভাবেই একেরপর এক ষড়যন্ত্র করে ভারতে মুসলিমদের বসবাস কঠিন থেকে কঠিন করে তোলা হচ্ছে। আকাঁ হচ্ছে মুসলিমদের উপর গণহত্যা চালিয়ে অখণ্ড রাম রাজ্য প্রতিষ্ঠার মানচিত্র। এমতাবস্থায় এখনি নববী মানহাজের অনুসরণ করে যথাসাধ্য প্রস্তুতি নেওয়ার জানিয়েছেন ইসলামি চিন্তাবীদ হক্বানী উলামায়ে কেরাম।

তথ্যসূত্র:

----

1. Meat Thrown Into Uttar Pradesh Temple, Meat Shops Set On Fire: Police - https://tinyurl.com/mseybu6c

---

১৭ই জুলাই, ২০২২

ফটো রিপোর্ট || আশ-শাবাব নিয়ন্ত্রিত অঞ্চলে উৎসবমুখর ঈদের দিনগুলো-১

পবিত্র ঈদুল আযহাকে ঘিরে ইবাদতের পাশাপাশি নানারকম উৎসবময় অনুষ্ঠানের মাধ্যমে ঈদের দিনগুলো পার করেছেন আশ-শাবাব নিয়ন্ত্রিত রাজ্যগুলোর মুসলিমরা।

ঈদের দিনগুলোকে উৎসবমুখর করতে বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করেছে আশ-শাবাব। এসব অনুষ্ঠানের মধ্যে রয়েছে কুরআন তিলাওয়াত, নাশিদ ও কবিতা আবৃতি, কৌতুক এবং নানারকম খেলা। এছাড়াও রয়েছে আশ-শাবাব যোদ্ধাদের সামরিক কুচকাওয়াজ, বিভিন্ন খেলা এবং দর্শনীয় পারফরম্যান্স।

যাতে সাধারণ মানুষ সতস্ফুর্তভাবে অংশগ্রহণ করেন এবং অনুষ্ঠানগুলো উপভোগ করেন।

উৎসবমুখর ঈদের দিনগুলোর কিছু চিত্র দেখুন...

https://alfirdaws.org/2022/07/17/58046/

কাশ্মীরে আবারো স্বাধীনতাকামীদের হামলা : নিহত এক ভারতীয় সেনা

কাশ্মীরে দখলদার ভারতীয় বাহিনীকে টার্গেট করে সফল হামলা চালিয়েছেন স্বাধীনতাকামী যোদ্ধারা। এতে দখলদার ভারতের এক সিআরপিএফ সদস্য নিহত হয়েছে বলে জানা গেছে।

কাশ্মীরভিত্তিক নিউজ পোর্টাল 'দা কাশ্মীরিয়াত' এর রিপোর্ট থেকে জানা যায়, পুলওয়ামা জেলার অন্তর্গত গাংগু এলাকায় আজ রবিবার ১৭ জুলাই এই হামলার ঘটনা ঘটেছে। যেখানে দখলদার ভারতীয় সিআরপিএফ এর একটি টহলরত দল স্বাধীনতাকামীদের হামলার শিকার হয়।

হামলায় ঘটনাস্থলেই বিনোদ কুমার নামের এএসআই র‍্যাংকধারী এক সিআরপিএফ সদস্য গুরুতর আহত হয়। পরে তাকে দ্রুত হাসপাতালে নেয়া যাওয়া হয়। আর সেখানেই হিন্দুত্ববাদী ভারতীয় উক্ত দখলদার সেনা নিহত হয়।

হিন্দুত্ববাদী ভারত কর্তৃক শত দমন-পীড়ন আর প্রতিকূলতাও দমাতে পারছেনা কাশ্মীরি প্রতিরোধ যোদ্ধাদের। একের পর এক হিন্দুত্ববাদীদের অবস্থানে আঘাত হেনে যাচ্ছেন তাঁরা। যা দিন দিন আরও জোড়ালো হচ্ছে। দখলদার হিন্দুত্ববাদী এই সন্ত্রাসীদের উপর প্রতিরোধ যোদ্ধাদের হামলার এই ঘটনাগুলোকে মুসলিমদের জন্য অত্যন্ত স্বস্তিদায়ক এবং আশাপ্রদ বলে মনে করছেন ইসলামি চিন্তাবীদগণ।

তথ্যসূত্র :

----

1. CRPF trooper injured in Pulwama attack succumbs - https://tinyurl.com/45n8y4us

---

মুসলিম মালিকানাধীন শপিং মলে নামাজ পড়ায় মুসল্লিদের বিরুদ্ধে হিন্দুত্ববাদী পুলিশের এফআইআর

উত্তরপ্রদেশের লখনৌতে ভারতের অন্যতম বড় শপিং মল খুলছে একজন মুসলিম ধনকুবের ইউসুফ আলি। সেখানে মুসলিমরা নামাজ আদায় করায় হিন্দুত্ববাদীরা আন্দোলনে নেমেছে। হিন্দুত্ববাদী পুলিশ মুসল্লিদের বিরুদ্ধে এফআইআর দায়ের করেছে।

নামাজের ভিডিও সোশ্যাল মিডিয়ায় শেয়ার করার পর, হিন্দু সন্ত্রাসী সংগঠন অখিল ভারতীয় হিন্দু মহাসভার সদস্যরা মলের গেটের বাইরে বিক্ষোভ করে। সংগঠনের সদস্যরা গত শুক্রবার মলে হিন্দুত্ববাদীদের হনুমান চালিসা পাঠ করার জন্য কর্তৃপক্ষের কাছে অনুমতি চেয়েছে।

গত বৃহস্পতিবার অখিল ভারত হিন্দু মহাসভা এ নিয়ে আপত্তি তুলেছে এবং সমস্ত হিন্দুদের ওই শপিং মল বয়কট করার ডাক দিয়েছে।

উল্লেখ্য, হিন্দুত্ববাদীরা ইতিপূর্বেও মুসলিম ব্যবসায়ী ও তাদের পরিচালিত প্রতিষ্ঠানকে বয়কটের ডাক দিয়েছে। তারা মুসলিমদেরকে অর্থনৈতিকভাবে বয়কট করে দুর্বল বানানোর চেষ্টা চালাচ্ছে।

ভারত এখন মুসলিমদের জন্য এতোটাই সঙ্কুচিত হয়ে পরেছে যে, নিজ ধর্মীয় বিধান পালন করাও অন্যায়। হিন্দুত্ববাদীরা মুসলিমদের নামাজ, কোরবানি সহ মৌলিক বিধান পালন করতে বাধা দিচ্ছে। মুসলিমদের বিরুদ্ধে ঘৃণা উসকে দিয়ে মুসলিমদের গণহারে হত্যার চক বাস্তবায়ন করেছে।

এ অবস্থায় মুসলিমদের পূর্ব থেকেই সতর্কতা অবলম্বন করে নিজ পরিবার ও জাতিকে রক্ষায় নববী মানহাজের অনুসরণ করে নিজেদের প্রতিরক্ষা জরদার করার আহ্বান জানিয়েছেন ইসলামি চিন্তাবীদ হক্কানী উলামায়ে কেরাম।

তথ্যসূত্র:

----

1. UP Police file FIR against Muslims who offered namaz at Lulu Mall - https://tinyurl.com/5xubktpu

2. https://tinyurl.com/2p9bbhmh

আবারও গাজায় হামলা চালাচ্ছে সন্ত্রাসী ইসরাইল

জয়নাবাদী ইসরাইল ফিলিস্তিনের অবরুদ্ধ গাজা উপত্যকার উপর নতুন করে আগ্রাসন চালিয়েছে। ইসরায়েলি বাহিনী এক বিবৃতিতে দাবি করেছে, তারা গত শনিবার দিনের প্রথমভাগে গাজায় হামাসের একটি ভূগর্ভস্থ স্থাপনার ওপর হামলা চালিয়েছে। ইসরায়েল বলছে, ওই স্থাপনায় হামাস রকেট তৈরির কাজ করতো।

ফিলিস্তিনিরা জানিয়েছেন, স্থানীয় সময় সকাল পাঁচটার পরপরই ইসরায়েল গাজা শহরের ওপর কয়েকটি আঘাত হানে। সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়া ছবি এবং ভিডিওতে দেখা যায়- অজ্ঞাত কয়েকটি লক্ষ্যবস্তুর ওপর হামলার পর আগুনের কুণ্ডলী উঠছে।

ফিলিস্তিনের আরবি ভাষার সংবাদ মাধ্যম 'প্যালেস্টাইন টুডে' জানিয়েছে, সন্ত্রাসী ইসরায়েলের কয়েকটি যুদ্ধবিমান থেকে হামাস আন্দোলনের একটি স্থাপনার ওপর আটটি ক্ষেপণাস্ত্র ছোড়া হয়।

পত্রিকাটির রিপোর্টে বলা হয়েছে, উত্তর গাজার ফিলিস্তিনি জেলেদের ওপরও ইসরায়েলি গানবোট থেকে গোলাবার্ষণ করা হয়। এছাড়া, আজ ভোরের দিকে ইসরায়েলি বিমান থেকে গাজার পশ্চিমে নুসাইরাত শরণার্থী শিবিরে বোমা বর্ষণ করে অবৈধ সন্ত্রাসী রাষ্ট্র ইসরাইলের যুদ্ধবিমান।

এ হামলা এমন সময় চলছে, যখন গাদ্দার সৌদি আরব ইসরায়েলকে নিজেদের আকাশসীমা পূর্ণরূপে ব্যবহারের অনুমতি দিয়েছে। অন্যদিকে বিশ্ব সন্ত্রাসী মার্কিন প্রেসিডেন্ট মধ্যপ্রাচ্যে সফর করছে। এ হামলার ব্যাপারে আমেরিকা বা সৌদি কেউই টু শব্দটি করেনি। এর মধ্যদিয়ে এটাই প্রমাণ হয় বেপরোয়া ইসরায়েল আমেরিকা ও গাদ্দার আরব শাসকগোষ্ঠীর সমর্থন নিয়েই এসব হামলা চালাচ্ছে।

এজন্য উম্মাহ দরদী আলিমরা সবসময়ই বলে আসছেন যে, ফিলিস্তিন ও কাশ্মীরসহ বিশ্বের সকল প্রান্তের মাজলুম মুসলিমদের মুক্তির একমাত্র পথ নববী মানহাজ অনুসরণ করে প্রতিরোধ সংগ্রাম চালিয়ে যাওয়া। নতুবা উম্মাহর লাঞ্ছনা আরও বৃদ্ধি পাবে বলে সতর্ক করেছেন তাঁরা।

তথ্যসূত্র:

----

1. Israel launches air raids on Gaza Strip, no casualties reported - https://tinyurl.com/yyawmkaw

---

১৬ই জুলাই, ২০২২

ব্রেকিং নিউজ || তাজিকিস্তান সীমান্তে তাজিক যোদ্ধাদেরই নিয়োগ দিল তালিবান: নাখোশ তাজিকিস্তান

সম্প্রতি তাজিকিস্তান সীমান্তে নতুন করে সেনা সদস্য বাড়িয়েছে আফগানিস্তানের ইসলামি ইমারাত প্রশাসন। এবার সীমান্তটির নিরাপত্তার দায়িত্ব দেওয়া হয়েছে তালিবানের অন্তর্গত তাজিক যোদ্ধাদের। তবে এই পদক্ষেপে 'নাখোশ' হয়েছে তাজিকিস্তান।

তাজিকিস্তানের সরকারি কর্মকর্তারা বলেছে যে, তারা আফগানিস্তান ও তাজিকিস্তান সীমান্তে স্থাপিত পর্যবেক্ষণ পয়েন্ট নিয়ে উদ্বিগ্ন। ঐ কর্মকর্তারা দাবি করেছে যে, ইসলামি ইমারাত প্রশাসন দরওয়াজের সীমান্ত অঞ্চলের নদী ঘিরে উঁচু উঁচু ওয়াচ টাওয়ার (পর্যবেক্ষণ পোস্ট) নির্মাণ করেছে।

তাজিকিস্তানের পাহাড়ী বাদাখশান স্বায়ত্তশাসিত অঞ্চলের এক সীমান্তরক্ষী কর্মকর্তা ওই এলাকায় পর্যবেক্ষণ পোস্টের অস্তিত্ব নিশ্চিত করেছে।

তাজিকিস্তান প্রশাসন আরও দাবি করেছে যে, ইসলামি ইমারাত প্রশাসনের অন্তর্গত তাজিক সামরিক ইউনিটকে এই অঞ্চলে মোতায়েন করা হয়েছে। যারা তাজিকিস্তানের নাগরিক এবং তারা ইসলামি ইমারাত প্রশাসনের সাথে যুক্ত।

এদিকে আফগান সরকার দেশে তাজিক যোদ্ধাদের উপস্থিতির বিষয়টি নিশ্চিত বা অস্বীকার কোনটিই করেননি। তবে তালিবান সংশ্লিষ্ট কিছু অ্যাকাউন্টের বরাতে জানা গেছে যে, কয়েকবার তাজিক প্রশাসনের সাথে বৈঠক ও

চুক্তি করার পরেও সীমান্ত সমস্যা দূর না হওয়ায় এমন সিদ্ধান্ত নিয়েছে আফগান সরকার। ফলে তাজিক সীমান্ত অঞ্চলটি নিরাপদ রাখতে সেখানে প্রাক্তন "জুন্দুল্লাহ" এর যোদ্ধাদের নিয়োগ দিয়েছে তালিবান সরকার। যার নেতৃত্ব রয়েছেন মাহদি আরসালান। তিনি সহ এই ইউনিটের ২০০ যোদ্ধাই তাজিক নাগরিক। যারা ইমারাতে ইসলামিয়ার হয়ে এখানে বছরের পর বছর কুফফার জোট-বাহিনীর বিরুদ্ধে লড়াই করে গেছেন।

অন্যদিকে ইমারাতে ইসলামিয়া প্রশাসনের কেন্দ্রীয় মুখপাত্র জাবিহুল্লাহ মুজাহিদ এক বিবৃতিতে বলেছেন যে, নিরাপত্তা উদ্বেগের ক্ষেত্রে তাজিকিস্তানের উচিত ঝামেলা না করে সরাসরি কাবুলের সাথে যোগাযোগ করা।

উল্লেখ্য যে, দীর্ঘদিন ধরেই তাজিক ও আফগান প্রশাসনের মাঝে বিভিন্ন বিষয় নিয়েই উত্তেজনা বিরাজ করছে। এর মধ্যে অন্যতম হচ্ছে, আফগান সরকারি অস্ত্র, ট্যাংক ও বিমান আটকে রাখা। যা পূর্বেকার গোলাম সরকারি বাহিনী পালানোর সময় তাজিকিস্তান নিয়ে গিয়েছিল।

সাম্প্রতিক ঘটনায় আবারও বিষয়টি তুলছেন তালিবান সদস্যরা। তাদের মতে, আফগানিস্তানের আভ্যন্তরীণ বিষয়ে তাজিক সরকারের নাক গলানোর কোনই অধিকার নেই। "আমরা আমাদের সীমান্ত নিরাপদ রাখতে কাকে নিয়োগ দিবে সেটা আমাদের ব্যপার। অথচ তাজিকিস্তান বার বার আমাদের অভ্যন্তরিণ বিষয়ে হস্তক্ষেপ করছে, কিন্তু আমরা বিষয়গুলো আলোচনা মাধ্যমে সমাধানের চেষ্টা করেছি। এখনো তাজিক সরকার আমাদের বিমান, ট্যাংক এবং অসংখ্য অস্ত্র আটকে রেখেছে। তাজিকিস্তানের উচিত আমাদের কোন বিষয়ে মন্তব্য করার আগে আমাদের সম্পাদ ফিরিয়ে দেওয়া।"

ইসরায়েলের জন্য উন্মুক্ত হল সৌদি আরবের আকাশপথ

যুক্তরাষ্ট্রের মধ্যস্থতায় বেশ কিছু আরব দেশের সঙ্গে সম্পর্ক স্বাভাবিকের পথে হাঁটছে দখলদার ইসরায়েল। ইতোমধ্যেই অনেক গাদ্দার আরব দেশের সঙ্গে ইসরায়েলের চুক্তিও হয়েছে। এবার তারই ধারাবাহিকতায় ইসরায়েলকে নিজেদের আকাশসীমা ব্যবহারের অনুমতি দিয়েছে সৌদি আরব। ফলে এখন থেকে সংযুক্ত আরব আমিরাতগামী ইসরায়েলের বিভিন্ন এয়ারলাইন্সের বিমান সৌদির আকাশপথ ব্যবহার করতে পারবে।

ইসরায়েলের সঙ্গে এখন পর্যন্ত আনুষ্ঠানিক কূটনৈতিক সম্পর্ক নেই সৌদি আরবের। তবে ইসরায়েলের সাথে রিয়াদের গোপন সম্পর্ক রয়েছে বলে মনে করা হয়, যে বিষয়টি এখনও আনুষ্ঠানিকভাবে প্রকাশ করেনি সৌদি আরব। ২০২০ সালে তৎকালীন ইসরায়েলি প্রধানমন্ত্রী নেতানিয়াহু সৌদি ক্রাউন প্রিন্স মোহাম্মদ বিন সালমানের সাথে একটি গোপন বৈঠকের জন্য সৌদি আরবে এসেছিল। যদিও বিষয়টি গাদ্দার সৌদি প্রশাসন অস্বীকার করেছিল।

এত দিন দেশটির আকাশসীমা ব্যবহার করে ইসরায়েলে চলাচলের ক্ষেত্রে উড়োজাহাজগুলোর ওপর বিধিনিষেধ ছিল। এখন সেই বাধা আর রইল না। গতকাল যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেনের সৌদি আরব সফরের আগমুহূর্তে এ ঘোষণা দিয়েছে পশ্চিমা ও জায়নবাদী দালাল সৌদি সরকার।

সন্ত্রাসি রাষ্ট্র ইসরাইলের জন্য সৌদি আরবের আকাশসীমা খুলে দেওয়ার সিদ্ধান্ত ঘোষণা করছে সৌদি বেসামরিক বিমান পরিবহন কর্তৃপক্ষ। মার্কিন জাতীয় নিরাপত্তা উপদেষ্টা জ্যাক সুলিভান বলে- এই সিদ্ধান্ত সৌদি আরবের সঙ্গে অনেক মাস ধরে প্রেসিডেন্টের অবিচল ও নীতিগত কূটনীতির ফল, যা আজ তার সফরে চূড়ান্ত পরিণতি পেল।

মধ্যপ্রাচ্য সফরের অংশ হিসেবে গতকাল দিনের শেষ দিকে এক ভ্রমণে সৌদি আরব এসেছে বাইডেন। মধ্যপ্রাচ্য সফরের অংশ হিসেবে গত বুধবার ইসরায়েল পৌঁছান বাইডেন। আরও আরব দেশ ইসরায়েলের সঙ্গে সম্পর্ক স্থাপনে পদক্ষেপ নিতে পারে বলে এর আগে ইঙ্গিত দিয়েছিল ওয়াশিংটন।

ফিলিস্তিনের সঙ্গে সংঘাতের সমাধান না হওয়া পর্যন্ত দাপ্তরিকভাবে ইসরায়েলের সঙ্গে দ্বিপক্ষীয় সম্পর্ক স্থাপন না করার বিষয়ে দীর্ঘদিনের অবস্থান ছিল সৌদি আরবের। তবে এখন এ পদক্ষেপ দখলদার ইসরায়েলের সাথে সম্পর্ক উন্নয়নের আনুষ্ঠানিকতার শুরু হিসেবেই দেখছেন বিশেষজ্ঞরা।

যুক্তরাষ্ট্রের মধ্যস্থতায় আব্রাহাম অ্যাকর্ডের অধীন ২০২০ সালে ইসরায়েলের সঙ্গে কূটনৈতিক সম্পর্ক স্থাপন করে কুখ্যাত সংযুক্ত আরব আমিরাত শাসকগোষ্ঠী। একই পথ অনুসরণ করে বাহরাইন ও মরক্কো। আঞ্চলিক মিত্রদের এমন পদক্ষেপের কোন বিরোধিতা করেনি সৌদি আরব।

অন্যদিকে, ফিলিস্তিন ইস্যুতে ইসরায়েলের সঙ্গে সম্পর্ক প্রতিষ্ঠায় আরব দেশগুলো প্রধান তিনটি শর্ত দিয়েছিল। সেগুলো হলো, যুদ্ধের সময় আরব দেশগুলোর দখল করা জমি ছেড়ে দেওয়া, ফিলিস্তিন রাষ্ট্র গঠন ও স্বীকৃতি এবং ফিলিস্তিনের দখল করা জমি হস্তান্তর। তবে সেই 'লক দেখানো' শর্তের কোনোটা পূরণ না হওয়ার পরও গাদ্দার আরব দেশগুলো অবৈধ রাষ্ট্র ইসরায়েলের সাথে সম্পর্ক গড়ে তুলছে।

ইসরায়েলের সাথে একের পর আরব দেশের সম্পর্ক স্থাপনের প্রেক্ষাপটে মধ্যপ্রাচ্যের শান্তি প্রতিষ্ঠা বা ফিলিস্তিনি রাষ্ট্র প্রতিষ্ঠার সম্ভাবনাকে বহু দূরেই ঠেলে দিচ্ছে বলে মনে করছেন বিশ্লেষকেরা। বৃহত্তর এই অঞ্চলে শান্তি প্রতিষ্ঠায় প্রধান বাধা ইসরায়েল–ফিলিস্তিন দ্বন্দ্বের বিষয়টি।

আরব বিশ্ব ফিলিস্তিনের স্বাধীনতার বিনিময়ে ইসরায়েলের সঙ্গে স্বাভাবিক সম্পর্ক স্থাপনে ছিল অঙ্গীকারবদ্ধ। কিন্তু আরব বিশ্বের সঙ্গে সম্পর্ক স্থাপনের মাধ্যমে মধ্যপ্রাচ্যের রাজনীতিতে নতুন মেরুকরণ তৈরি করেছে ইসরায়েল। আর ফিলিস্তিনিরা এখনো পূর্ব জেরুজালেম ও পশ্চিম তীরে অধিকৃত অবস্থায় আছে, যা গাজার মতোই একটি উন্মুক্ত কারাগারের শামিল।

কথিত আন্তর্জাতিক সম্প্রদায় ও আরব রাষ্ট্র কেউই ফিলিস্তিনিদের ব্যাপারে যখন কোন পদক্ষেপ নিচ্ছেনা, তখন ফিলিস্তিনি মুসলিমদের স্বাধীনতা অর্জনের দায়িত্ব মুসলিমদেরকে নিজেদের কাঁধেই তুলে নিতে হবে বলে দীর্ঘদিন ধরেই বলে আসছেন উম্মাহ দরদী আলিমগণ।

তথ্যসূত্র:

----

1. Saudi Arabia opens airspace to Israeli flights - https://tinyurl.com/2p8ehshe

---

কাশ্মীরে গোলাগুলির ঘটনায় নিহত ৩ ভারতীয় দখলদার সেনা, আহত আরও ৫

কাশ্মীরের পুঞ্চ ও উধমপুরে ভারতীয় দখলদার বাহিনীর ২টি সামরিক ঘাঁটিতে সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে সহকর্মীদের গুলিতে অন্তত ৮ ভারতীয় দখলদার সেনা হতাহত হয়েছে বলে জানা গেছে।

দ্য কাশ্মীরিয়াত-এর এক রিপোর্টে বলা হয়েছে, আজ ১৬ জুলাই শনিবার কাশ্মীরের উধমপুরে দখলদার ভারতীয় বাহিনীর একটি সেনা শিবিরে সংঘর্ষের ঐ ঘটনা ঘটে। সেখানে এক সেনা সদস্য তার সার্ভিস রাইফেল দিয়ে গুলি চালিয়ে এক আইটিবিপি সেনা সদস্যকে হত্যা করেছে।

এদিকে, সরকারী সূত্র জানিয়েছে যে, ভূপেন্দ্র সিং নামে এক সৈন্য তার সহকর্মীদের উপর গুলি চালিয়েছে। এতে ভারতীয় দখলদার বাহিনীর ৩ সদস্য আহত হয়েছে। এসময় ভুপেন্দ্রও গুলিবর্ষণের ঘটনায় নিহত হয়েছে।

আহত অন্য তিন আইটিবিপি-র সদস্যকে (ডালে রাম, অখলীল মালিক, গোর রজনীকান্ত) চিকিৎসার জন্য স্থানীয় হাসপাতালে স্থানান্তরিত করা হয়েছে।

উল্লেখ্য, গত ২৪ ঘণ্টায় ভারতীয় সেনা শিবিরে এটি দ্বিতীয় সংঘর্ষের ঘটনা। এর আগে গত ১৫ জুলাই শুক্রবার শ্রীনগরের পুঞ্চ জেলার সুরনকোট এলাকায় একটি শিবিরে একই ধরনের হামলার ঘটনা ঘটে। যেখানে ভারতীয় বাহিনীর নিজেদের মধ্যকার কামড়াকামড়ির ঘটনায় ২ সেনা সদস্য নিহত হয়। একই সাথে আরও ২ দখলদার সেনা সদস্য আহত হয়।

উক্ত ঘটনা দু'টিকে নির্যাতিত কাশ্মীরি মুসলিমদের জন্য হৃদয় শীতলকারী হিসেবে অভিহিত করেছেন ইসলামি বিশ্লেষকগণ। দখলদার বাহিনীর সদস্যদের নিজেদের মধ্যে গোলাগুলিতে নিজেরা নিহতের এই ঘটনা প্রতিরোধ যোদ্ধাদের হামলার মুখে শত্রুদের মানসিক পরাজয়েরই ইঙ্গিত বহন করে বলে মনে করেন তাঁরা।

মুসলিমদের বয়কট ও গুজরাটের মতো হত্যার আহ্বান হিন্দুত্ববাদী কয়েকটি সংগঠনের

ঈদের ঠিক এক সপ্তাহ আগে বজরং দল, বিশ্ব হিন্দু পরিষদ এবং অন্যান্য হিন্দুত্ববাদী সংগঠনের অন্তত ৩০০ কর্মী দিল্লি শহরের নিকটতম এলাকা মানেসার মহাপঞ্চায়েতে একটি সমাবেশের আয়োজন করে। সমাবেশ থেকে তারা উদয়পুরে নিহত শাতিম কানাইয়া লাল হত্যার প্রতিবাদ জানায়।

